



الجمهورية العربية السودانية، السودان (السودان)
الوزارة العامة للتعليم، السودان

Job Category: Teaching/Academics

Job Source: The Daily Star

Job Summary

Posted On: 24 Oct 2024

Application Deadline: 7 Nov 2024



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

Begum Rokeya University, Rangpur

www: brur.ac.bd

স্মারক নম্বর-বেরোবি/রেজিঃ/শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৪/১৫২০

তারিখঃ ০৭ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ

২৩ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক) পদের বিবরণঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | পদের নাম ও পদ সংখ্যা | মন্তব্য |
|---------|---|--|---------|
| ০১ | বাংলা বিভাগ | সহকারী অধ্যাপক (স্থায়ী)-০১ টি প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০২ | রাষ্ট্রবিজ্ঞান বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৩ | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৪ | মার্কেটিং বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৫ | ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৬ | গণিত বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৭ | পদার্থবিজ্ঞান বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ০৮ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি শিক্ষা ছুটিজনিত শূন্য পদের বিপরীতে প্রভাষক (অস্থায়ী)-০১ টি | |
| ০৯ | ইংরেজি বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |
| ১০ | রসায়ন বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি শিক্ষা ছুটিজনিত শূন্য পদের বিপরীতে প্রভাষক (অস্থায়ী)-০২ টি | |
| ১১ | ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ | প্রভাষক (স্থায়ী)-০১ টি | |

খ) বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫):

(i) প্রভাষক : ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)

(ii) সহকারী অধ্যাপক : ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)

গ) আবেদন ফরম সংগ্রহ ও জমাঃ

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদে আবেদন করার শর্তাবলী ও আবেদন ফরম পাওয়া যাবে। রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি বা ডাকযোগে রবিবার থেকে বুধবার (বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত বিজ্ঞাপিত পদের আবেদন ফরম জমা দেওয়া যাবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে (রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত) প্রভাষক ও সহকারী অধ্যাপক পদের জন্য ০৯ (নয়) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
- (ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর অনুকূলে জলতা ব্যাংকের যে কোন শাখা থেকে প্রভাষক পদের জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করে ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর অথবা হাতে হাতে রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় জমা দিতে হবে।
- আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপত্র হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- প্রভাষক পদে নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনে লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিষ্ট প্রস্তুত করে নিয়োগ বাছাই বোর্ডে সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- চাকরিরত প্রার্থীদের (খন্ডকালীন চাকরি ব্যতীত) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূলকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।
- বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদন ফরমের সাথে দাখিলকৃত কোন কাজগপত্র ফেরত প্রদান করা হবে না।
- আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখঃ ০৭ নভেম্বর ২০২৪খ্রিঃ, বিকাল ৪:০০টা। উল্লিখিত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না কিংবা নতুন কোন ডকুমেন্ট বা তথ্যাদি সংযোজন করা যাবে না।
- ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পছা অলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যে কোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।
- যে সকল আবেদনকারী নিয়োগ বিজ্ঞপ্তির পদের বিবরণ-এর ক্রমিক নং ০১ থেকে ০৮-এ উল্লিখিত পদে ২১ মে ২০২৪ তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে (স্মারক নং-বেরোবি/রেজিঃ/শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৪/৮২৫; তারিখঃ ২১ মে ২০২৪) আবেদন করেছেন এবং নিয়োগ বিজ্ঞপ্তির পদের বিবরণ-এর ক্রমিক নং ০৮ থেকে ১০-এ উল্লিখিত পদে ২২ এপ্রিল ২০২৪ তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে (স্মারক নং-১১-এ উল্লিখিত পদে ১৯ ডিসেম্বর ২০২২ তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে (স্মারক নং-বেরোবি/রেজিঃ/শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২২/২১৭৭; তারিখঃ ১৯ ডিসেম্বর ২০২২) আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. মোঃ তাজুল ইসলাম

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

ই-মেইলঃ registrar@brur.ac.bd

৩ কলাম ১১ ইঞ্চি

জিডি-৭৭৫